**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 18-02-2026** **Time: 1.40 PM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ একদিনের সফরে আজ এরাজ্যে আসছেন। নদীয়ার মায়াপুরে তাঁর বিভিন্ন কর্মসূচী রয়েছে।

২) নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গের পাঁচটি সহ রাজ্যসভার ৩৭ টি আসনে নির্বাচনী সূচী ঘোষণা করেছে। ভোটগ্রহণ ১৬ই মার্চ।

৩) বিধানসভা নির্বাচনকে সামনে রেখে বিজেপি রাজ্যে পরিবর্তন যাত্রার আয়োজন করছে।

৪) রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই-প্যাক-এর কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও অফিসে তল্লাশির ঘটনায় সুপ্রিমকোর্টে দায়ের হওয়া মামলার শুনানি আবারও পিছিয়ে গেছে।

৫) দক্ষিণ ২৪ পরগণার ভাঙরের চাঁদপুরে রাসায়নিক ড্রামে বিস্ফোরণে চার বালক গুরুতর আহত।

৬) রঞ্জি ট্রফি ক্রিকেট প্রতিযোগিতায় বাংলাকে হারিয়ে জম্মু কাশ্মীর ফাইনালে উঠেছে।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ  এক দিনের সফরে আজ এরাজ্যে আসছেন। কলকাতায় পৌঁছে তিনি যাবেন নদীয়ার মায়াপুরে। সেখানে ইস্কনের সদর দপ্তরে শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরের ১৫২ তম জন্মবার্ষিকী উদযাপনের অনুষ্ঠানে অংশ নেবেন। স্বরাষ্ট্রমন্ত্রী সেখানে জয়পতাকা স্বামী মহারাজের সঙ্গে এক উচ্চ পর্যায়ের বৈঠকে যোগ দেবেন। এছাড়াও মন্দির প্রাঙ্গণে এক জনসমাবেশেও তাঁর ভাষণ দেওয়ায় কর্মসূচি রয়েছে।

---------------

নির্বাচন কমিশন আজ পশ্চিমবঙ্গ সহ  ১০ টি রাজ্যে, রাজ্যসভার ৩৭ টি আসনের জন্য ভোটগ্রহণ সূচী ঘোষণা করেছে। আগামী ২৬ শে ফেব্রুয়ারি এই নির্বাচনের জন্য আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে। মনোনয়ন পত্র পেশ করা যাবে পাঁচই মার্চ পর্যন্ত। ৬ই মার্চ জমা পড়া মনোনয়নপত্র গুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৯ ই মার্চ। ১৬ ই মার্চ ভোট নেওয়া হবে। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, সকাল ৯ টা থেকে বিকেল ৪ টে পর্যন্ত ভোটগ্রহণ করা  হবে। ঐদিনই  বিকেল পাঁচটা থেকে ভোট গণনার কাজ শুরু হবে।

উল্লেখ্য, এই ৩৭ টি আসনের মধ্যে আছে পশ্চিমবঙ্গের ৫ টি আসন।

তৃণমূল কংগ্রেসের সাকেত গোখেল, ঋতব্রত বন্দ্যোপাধ্যায় ও সুব্রত বক্সি, সিপিআইএম-এর বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য, এবং রাজ্যসভা থেকে ইস্তফা দেওয়া মৌসম বেনজির নূরের কার্যকালের মেয়াদ শেষ হচ্ছে আগামী দোসরা এপ্রিল।

---------------

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে বিজেপি রাজ্যে পরিবর্তন যাত্রার আয়োজন করছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, পয়লা মার্চ থেকে এই যাত্রা শুরু হবে।

বাইট

উল্লেখ্য, যাত্রার উদ্বোধনের সময়ে দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, বিজেপি নেতা জগৎ প্রকাশ নাড্ডা, অমিত শাহ, রাজনাথ সিং প্রমুখ উপস্থির থাকবেন। মার্চ মাসের শেষে ব্রিগেডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভার মধ্যে দিয়ে এই পরিবর্তন যাত্রা শেষ হবে।

---------------

বাঁকুড়া জেলার বড়জোড়া বিধানসভার পিড়রাবনি অঞ্চলের গোপীরহিড় গ্রামে গতকাল বিজেপির গৃহ-সম্পর্ক অভিযান কর্মসূচি পালন করা হয়। কর্মসূচিতে হাজির ছিলেন বিজেপি নেতা সুজিত অগস্থি। বিধানসভা নির্বাচনের আগে এলাকাবাসীর সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপন ও সাংগঠনিক বার্তা পৌঁছে দিতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে দলীয় সূত্রে জানা যায়।

---------------

উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জের পূর্ব খেজুরবেড়িয়া এলাকায় দুই বিজেপি মহিলা কর্মীর ওপর তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীর হামলার অভিযোগ ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। সুমন ঘোষ নামে এক তৃণমূল কংগ্রেস কর্মী গতকাল এক বিজেপি মহিলা কর্মীর বাড়িতে ঢুকে অশালীন কটূক্তি শুরু করে বলে অভিযোগ। পরে ওই মহিলা নিজের দিদিকে ডেকে পাঠালে, অভিযুক্ত আঘাত করে তাঁর মাথা ফাটিয়ে দেয়। ঘটনার প্রতিবাদে এলাকার মহিলারা, ওই যুবককে ধরে গণপিটুনি দেন। খবর পেয়ে পুলিশ

রক্তাক্ত অবস্থায় দুই মহিলা ও যুবককে উদ্ধার করে টাকি গ্রামীণ হাসপাতালে ভর্তি করে। বিজেপি করার অপরাধেই তৃণমূল কংগ্রেসের দুষ্কৃতীরা তাঁদের প্রাণে মারার চেষ্টা করেছে বলে আক্রান্তদের দাবি। বিজেপি কর্মীরা পরিকল্পিতভাবে তাঁদের মারধর করেছে বলে তৃণমূল কংগ্রেসের পাল্টা দাবি। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

---------------

পূর্ব বর্ধমানের জিটিরোড সংলগ্ন শিয়ালডাঙা মোড়ে পুলিশলাইন এলাকায় গতসন্ধ্যায় বিজেপির গৃহসম্পর্ক অভিযান চলাকালীন দলীয় কর্মীদের উপর তৃণমূল কংগ্রেস কর্মীরা হামলা চালায় বলে অভিযোগ। বিজেপি কর্মীরা পাল্টা প্রতিরোধ করলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠে। বর্ধমান থানার পুলিশবাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

---------------

মুর্শিদাবাদ জেলা প্রশাসনের পক্ষ থেকে সাসপেন্ড হওয়া জেলার তিন এইআরও - শমসেরগঞ্জের শেফাউর রহমান, ফরাক্কার নীতিশ দাস এবং সুতির মুর্শিদ আলমকে সমস্ত দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে। তাঁরা যেন আর ব্লক অফিসে না আসেন সে বিষয়েও তাদের জানিয়ে দেওয়া হয়েছে। তাঁদের আইডি ও পাসওয়ার্ড যেন কোনও ভাবেই আর ব্যবহার করা না হয় সে বিষয়েও সংশ্লিষ্ট এ আর ও এবং ব্লক প্রশাসনের কর্তাদের অবগত করা হয়েছে। তাঁরা যে সব বুথে কাজ করছিলেন সেগুলি অন্য এইআরও-দের মধ্যে রাতেই ভাগ করে দেওয়া হয়। তবে এই ঘটনায়

জেলা জুড়ে প্রশাসনিক আধিকারিকদের মধ্যে শোরগোল পড়েছে।

উল্লেখ্য এসআইআর-এর কাজে গাফিলতি ওনথি খতিয়ে না দেখে তালিকায় নাম

তোলার অভিযোগে ওই তিন এ ই আর ও'র বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ নেয় নির্বাচন কমিশন।

আগেই জানানো হয়েছে, রোল অবজারভারদের রিপোর্টের ভিত্তিতে এসআইআর-এর কাজে যুক্ত উত্তর ২৪ পরগণার তিন মাইক্রো অবজারভারকে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন। দায়িত্বে গাফিলতি এবং কাজের অনিয়মের অভিযোগেই এই পদক্ষেপ। এরা হলেন বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্কের ম্যানেজার, ইউকো ব্যাঙ্ক-এর সিনিয়র ম্যানেজার, এবং সেন্ট্রাল ট্যাক্স জিএসটি অ্যান্ড সিএক্স-এর ইন্সপেক্টর।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জানানো হয়েছে, নির্বাচন কমিশন নিযুক্ত ডিস্ট্রিক্ট ইলেক্টোরাল রোল অবজারভারদের রিপোর্টের ভিত্তিতেই এই সিদ্ধান্ত।

----------------

এদিকে, ভোটার তালিকায় কারচুপির অভিযোগে, নির্বাচন কমিশনের নির্দেশ মেনে রাজ্য সরকার, চার আধিকারিক এবং এক ডেটা এন্ট্রি অপারেটরের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে। এরা হলেন দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের ERO দেবোত্তম দত্ত চৌধুরী, AERO তথাগত মন্ডল, পূর্ব মেদিনীপুরের ময়নার ERO বিপ্লব সরকার, AERO সুদীপ্ত দাস এবং ডিইও সুরজিত হালদার।

----------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় "বিকশিত ভারতের লক্ষ্যে সুস্থ দেশ গড়ে তুলতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স-এর ভূমিকা"। এইমস কল্যাণীর

মেডিক্যাল সুপারিনটেনডেন্ট প্রফেসর ডঃ মহুয়া চট্টোপাধ্যায় এর সঙ্গে কথা বলেছেন কাশফির নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

---------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এবারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

---------------

রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই-প্যাক-এর কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও অফিসে তল্লাশির ঘটনায় সুপ্রিমকোর্টে দায়ের হওয়া মামলার শুনানি আবারও পিছিয়ে গেলো। ঐ তল্লাশি অভিযানে পশ্চিমবঙ্গ সরকার ও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর হস্তক্ষেপের অভিযোগে ইডির দায়ের করা এই মামলার শুনানি আজ সুপ্রিম কোর্টে হওয়ার কথা ছিল। তবে কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহেতা, বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রর বেঞ্চে জানান, রাজ্যের হলফনামার পাল্টা বক্তব্য আজ কেন্দ্রের পক্ষ থেকে আদালতে জমা দেওয়া হবে। তাই তিনি অন্য কোনোদিন শুনানি গ্রহণের আর্জি জানান। তারপরই সব পক্ষের সম্মতিতে শুনানির দিন ধার্য হয়েছে ১৮ ই মার্চ।

---------------

রাজ্যের সব জেলায় অপরাধ সংক্রান্ত স্পর্শকাতর মামলাগুলির দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে জেলাগুলিতে একজন করে নোডাল অফিসার নিয়োগের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ গতকাল দক্ষিণ ২৪ পরগণার সন্দেশখালিতে ধর্ষণ সংক্রান্ত ২০১৮ সালের এক মামলায় নিম্ন আদালতে বিচার প্রক্রিয়ায় দীর্ঘসূত্রতা নিয়ে অসন্তোষ ব্যক্ত করেন। রাজ্যে মহিলাদের বিরুদ্ধে অপরাধ, পকসো ও মাদক সংক্রান্ত মামলাগুলির বিচার প্রক্রিয়া ধীর গতিতে চলায় ক্ষোভ প্রকাশ করেন বিচারপতি।

এদিকে, সন্দেশখালির ধর্ষণ সংক্রান্ত মামলায় অভিযুক্তের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে আদালত।

---------------

বে আইনি ভাবে ভারতে প্রবেশের অভিযোগে ওমর ফারুক ব্যাপারি নামে এক তৃণমূল কংগ্রেস কর্মীকে গ্রেফতার করা হয়েছে। অবৈধভাবে বাংলাদেশ থেকে এসে

এদেশে বসবাস, এবং অন্য একজনকে বাবা বানিয়ে ভোটার তালিকায় নাম তোলার মত একাধিক অভিযোগ ছিল তার বিরুদ্ধে। গত ৪ ঠা ডিসেম্বর কোচবিহার জেলাশাসকের দপ্তর স্থানীয় বাসিন্দারা অভিযোগ জানানোর পর সাহেবগঞ্জ থানার পুলিশ তাকে গ্রেফতার করে ।তার বিরুদ্ধে বিদেশী নাগরিকত্ব আইনে মামলার পাশাপাশি, নথি জালিয়াতির মামলা করেছে পুলিশ। আজ তাকে কোচবিহারের দিনহাটা মহকুমা আদালতে তোলা হয়েছে।

---------------

উত্তরবঙ্গের আলিপুরদুয়ারের জলদাপাড়া জাতীয় উদ্যানের পুড়ে যাওয়া হলং বনবাংলো পুনর্নির্মাণের জন্য বনদপ্তর, কাজের বরাত পাওয়া ঠিকাদার সংস্থাকে জমি হস্তান্তর করেছে। শীঘ্রই এই বাংলো নির্মাণের কাজ শুরু হবে।

উল্লেখ্য ১৯৬৭ সালে কাঠের তৈরি এই বাংলোটি ২০২৪-এর ১৮ই জুন এক অগ্নিকাণ্ডে ভস্মীভূত হয়ে। তা পুনর্নির্মাণের জন্য রাজ্য সরকার ৮ কোটি টাকা বরাদ্দ করে। তবে অগ্নিকান্ডের মতো দুর্ঘটনা এড়াতে এবার কাঠ ও কংক্রিট মিশিয়ে এই বাংলো তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

---------------

দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের চাঁদপুর এলাকায় গত সন্ধ্যায় রাসায়নিক ভর্তি ড্রামে বিস্ফোরণের ফলে চার জন বালক গুরুতর আহত হয়। এঁদের প্রত্যেকেরই বয়স ৮ থেকে ৯ বছরের মধ্যে। একজনের শরীর প্রায় ৯০ শতাংশ পুড়ে গেছে বলে পুলিশ সূত্রে খবর। তিনজনকে এম আর বাঙ্গুর ও একজনকে স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস গতকাল ঘটনাস্থল পরিদর্শন করেন।

উল্লেখ্য, গতকাল ভাঙড়ের চাঁদপুর এলাকায় জেলা পরিষদের আর্থিক সহায়তায় রাস্তা নির্মাণের কাজ চলাকালীন এই রাসায়নিক ভর্তি ড্রাম উল্টে দুর্ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থল ঘিরে রেখেছে।

---------------

দক্ষিণ ২৪ পরগণায় সুন্দরবনে বাঘের হামলায় নিহত আরও এক মৎস্যজীবী। নিহত মৎস্যজীবী রামপদ বর্মন, দক্ষিণ ২৪ পরগণার গোসাবার ছোট মোল্লাখালি কালিদাসপুর এলাকার বাসিন্দা। গতকাল সকালে কাঁকড়া ধরতে গিয়ে বাঘের আক্রমণে হামলার মুখে পড়েন তিনি। আকস্মিক হামলায় গুরুতর জখম ওই ব্যক্তিকে বাকিরা উদ্ধার করলেও বাঁচানো সম্ভব হয়নি।

খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় সুন্দরবন কোস্টাল থানার পুলিশ। দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়।

---------------

দক্ষিণ ২৪ পরগণার সাগর মেলায় গিয়ে মধ্যপ্রদেশের সিংগ্রোলি জেলার দুই ভাই সোহাগলাল ও রামপিয়ারী পরস্পরের থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েন। অচৈতন্য অবস্থায় সোহাগলালকে কাকদ্বীপ হাসপাতালে ভর্তি করেন স্থানীয়েরা। অন্যদিকে, ভাইকে খুঁজতে খুঁজতে রামপিয়ারী পৌঁছে যান বেনারসে। পথে মোবাইল সহ টাকা-পয়সা চুরি হয়ে যায়। ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের সহযোগিতায় গতকাল বিচ্ছিন্ন এই দুই ভাইকে একত্রিত করা সম্ভব হয়েছে। তাদের পৌঁছে দেওয়া হয়েছে নিজেদের ঠিকানায়।

---------------

সারা রাজ্যেই আগামী ৪/৫ দিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে এবং সর্বনিম্ন তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। শনিবারের পর থেকে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে দুই থেকে তিন ডিগ্রি করে তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে। পশ্চিম বর্ধমান জেলার উপর দিয়ে বিক্ষিপ্তভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৭ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় দেড় ডিগ্রি কম। দক্ষিণবঙ্গের আজ সবথেকে কম  তাপমাত্রা ছিল কল্যাণীতে ১৪ ডিগ্রি সেলসিয়াস।

---------------

বাংলাকে হারিয়ে জম্মু ও কাশ্মীর, রঞ্জি ট্রফি ক্রিকেটের ফাইনালে উঠেছে। কল্যাণীতে পাঁচ দিনের সেমিফাইনালের আজ চতুর্থ দিনে জম্মু ও কাশ্মীর ছয় উইকেটে বাংলাকে পরাজিত করে প্রথমবার ফাইনালে পৌঁছেছে।

জয়ের জন্য প্রয়োজন ছিল ১২৬ রান। জম্মু ও কাশ্মীর দুই উইকেটে ৪৩ রান নিয়ে আজ দ্বিতীয় ইনিংস শুরু করে চার উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়। বংশজ শর্মা ৪৩ এবং আব্দুল সামাদ ৩০ রানে অপরাজিত থাকেন।

খেলার সংক্ষিপ্ত স্কোর - বাংলা - ৩২৮ ও ৯৯ । জম্মু ও কাশ্মীর - ৩০২ ও চার উইকেটে ১২৬ রান।

--------------- ---------------